

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৯৯

পর্ব-৩: পাক-পবিত্রতা (১ ুটা ১ ুটা ১ ুটা

পরিচ্ছেদঃ ৮. প্রথম অনুচ্ছেদ - অপবিত্রতা হতে পবিত্রতা অর্জন

بَابُ تَطْهِيْرِ النَّجَاسَاتِ

আরবী

وَعَن ابْن عبَّاس قَالَ: تُصدُّقَ عَلَى مَوْلَاةٍ لِمَيْمُونَةَ بِشَاةٍ فَمَاتَتْ فَمَرَّ بِهَا رَسُولُ اللَّهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالُ: «هَلَّا أَخَذْتُمْ إِهَابَهَا فَدَبَغْتُمُوهُ فَانْتَفَعْتُمْ بِهِ» فَقَالُوا: إِنَّهَا مَيْتَةٌ فَقَالَ: «إِنَّمَا حُرِّمَ أَكلهَا»

বাংলা

৪৯৯-[১০] উক্ত রাবী ['আবদুল্লাহ ইবনু 'আব্বাস (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, (আমার খালা) মায়মূনাহ্ (রাঃ)-এর এক মুক্তদাসীকে একটি বকরী দান করা হলো। পরে সেটি মারা গেল। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার নিকট দিয়ে যাবার সময় বললেন, তোমরা বকরীর চামড়াটা খুলে নিয়ে পাকা করলে না, অথচ এটা কাজে লাগাতে পারতে। তারা বলল, এটা যে মৃত! তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, এটা শুধু খাওয়াই হারাম করা হয়েছে। (বুখারী ও মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: বুখারী ১৪৯২, মুসলিম ৩৬৩; শব্দ বিন্যাস মুসলিমের, আবূ দাউদ ৪১২০, নাসায়ী ৪২৩৫, ইবনু মাজাহ্ ৩৬১০, আহমাদ ২৩৬৯, সহীহ ইবনু হিব্বান ১২৮২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: মৃত ছাগল বা গরুর চামড়া রং করলে পবিত্র হয়ে যায়, তবে এটার গোশ্ত (গোশত/গোস্ত/গোসত) কেবল হারাম করা হয়েছে। চামড়া দ্বারা বিভিন্ন কাজে ব্যবহার করা বৈধ আছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন